গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থ মন্ত্রণালয় অভ্যন্তরীণ সম্পদ বিভাগ জাতীয় রাজস্ব বোর্ড

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২৩০-আইন/২০২৫/৫২/কাস্টমস।— সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ৪৮, ধারা ৮৪ এর উপধারা (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এর সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

- ১। শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।— (১) এই বিধিমালা যানবাহন এবং কার্গো ঘোষণা দাখিল ও প্রি-জ্যারাইভাল প্রসেসিং বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।
- (২) ইহা বিদেশ হইতে সকল আমদানি, ট্রানজিট এবং ক্রু ও যাত্রীর আগমনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।
 - (৩) এই বিধিমালা জারির তারিখ হইতে ৩০ দিন পর কার্যকর হইবে।
- **২। সংজ্ঞা** (১) বিষয় বা প্রসঞ্জোর পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,-
 - (ক) "আইন" অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন);
 - (খ) "এজেন্ট" অর্থ আইনের ধারা ২ এর দফা (৮)-এ সংজ্ঞায়িত এজেন্ট:
 - (গ) "কার্গো ঘোষণা" অর্থ আইনের ধারা ২ এর দফা (১১)-এ সংজ্ঞায়িত কার্গো ঘোষণা;
 - (ঘ) "কাস্টমস কম্পিউটার সিস্টেম" অর্থ আইনের ধারা ২ এর দফা (১৬)-এ সংজ্ঞায়িত কাস্টমস কম্পিউটার সিস্টেম:
 - (ঙ) ""বিপজ্জনক পণ্য" অৰ্থ The International Maritime Dangerous Goods (IMDG) Code এবং International Air Transport Association (IATA)—Dangerous Goods Regulation (DGR) এর অধীন শ্রেণীবিন্যাসকৃত সকল পণ্য;
 - (চ) "যানবাহন বা কার্গো ঘোষণাকারী" অর্থ আইনের ধারা ৪৮ অনুসারে যানবাহন বা কার্গো ঘোষণা দাখিলের জন্য দায়িত্বপ্রাপ্ত যানবাহনের ভারপ্রাপ্ত ব্যক্তি (Person-in-charge) অথবা তাহার পক্ষে উক্ত যানবাহনের মালিক বা পরিচালনাকারী বা তাহার এজেন্ট যিনি কাস্টমস

কম্পিউটার সিস্টেমে নিবন্ধিত ব্যবহারকারী হিসেবে আইডি ও পাসওয়ার্ডপ্রাপ্ত:

- (ছ) "শিপিং এজেন্ট" অর্থ যানবাহন এর আগমন, অবস্থান ও প্রস্থানের সহিত সংশ্লিষ্ট ব্যবসায় পরিচালনাকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং কোনো বিদেশি শিপিং লাইনের স্থানীয় এজেন্টও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।
- ত। বাংলাদেশে আগমনকারী যানবাহনের কার্গো ঘোষণা দাখিল পদ্ধতি।— (১) বাংলাদেশের বাহির হইতে বাংলাদেশে আগমন করিবে এইরূপ সকল যানবাহনের ক্ষেত্রে বাংলাদেশে আগমনের উদ্দেশ্যে বিদেশস্থ সর্বশেষ বন্দর ত্যাগের পূর্বেই কার্গো ঘোষণাকারী কর্তৃক ইলেকট্রনিক পদ্ধতিতে কান্টমস কম্পিউটার সিন্টেমে পরিশিষ্ট-১ এ বর্ণিত ফরমে কার্গো ঘোষণার প্রথম অংশ দাখিল করিতে হইবে, যাহা জেনারেল সেগমেন্ট (General segment) হিসেবে বিবেচ্য হইবে; এবং তৎপরবর্তীতে উক্তরুপ তথ্যের সহিত সামঞ্জস্য রাখিয়া পরিশিষ্ট-২ অনুযায়ী ওয়েবিল সেগমেন্ট (Waybill segment) এবং পরিশিষ্ট-৩ অনুযায়ী কন্টেইনার বা কনসাইনমেন্ট সেগমেন্ট (প্রযোজ্য ক্ষেত্রে) এ তথ্য দাখিল করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, ব্রেক বাল্ক কার্গো, ক্ষ্যাপ জাহাজ এবং অয়েল ট্যাঙ্কারের মাধ্যমে পণ্য আমদানির ক্ষেত্রে জাহাজ বা নৌযান বাংলাদেশে আগমনের পরবর্তী ২৪ ঘণ্টার মধ্যে কার্গো ঘোষণা দাখিল করা যাইবে।

- (২) কার্গো ঘোষণা দাখিলের ক্ষেত্রে উক্ত পণ্যচালান সংশ্লিষ্ট বিল অব লেডিং অথবা এয়ারওয়ে বিল অথবা ট্রাক রিসিপ্ট অথবা রেলওয়ে রিসিপ্ট, যেই ক্ষেত্রে যেইটি প্রযোজ্য এবং এতদসংশ্লিষ্ট দলিলাদির ভিত্তিতে কার্গো ঘোষণা দাখিল করিতে হইবে।
- (৩) বোর্ড কার্গো ঘোষণাকারীর নিজস্ব ইলেকট্রনিক সিস্টেমের সহিত কাস্ট্রমস কম্পিউটার সিস্টেমের আন্তঃসংযোগ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং উক্ত সংযোগের মাধ্যমে কাস্ট্রমস কম্পিউটার সিস্টেমে সরাসরি কার্গো ঘোষণা দাখিল করিবার অনুমতি প্রদান করিতে পারিবে।
- (৪) এই বিধির অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, অনিবার্য কোনো কারণে কান্টমস কম্পিউটার সিন্টেমে কার্গো ঘোষণা দাখিল করা সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কান্টমস বা সংশ্লিষ্ট কান্টমস স্টেশনের দপ্তর প্রধান এর লিখিত অনুমতিক্রমে কান্টমস কম্পিউটার সিন্টেমে দাখিলতব্য কার্গো ঘোষণার অনুরূপ তথ্য সন্নিবেশ করিয়া লিখিত বা মুদ্রিত কার্গো ঘোষণা দাখিল করা যাইবে।
- 8। বাংলাদেশে আগমনকারী যানবাহনের ক্রু ও যাত্রী ঘোষণা পদ্ধতি।— (১) বাংলাদেশের বাহির হইতে বাংলাদেশে আগমন করিবে এইরূপ সকল যানবাহনের ক্ষেত্রে যানবাহনের ক্রু ও যাত্রীর বিবরণ সম্বলিত ঘোষণা তথা, আইনের ধারা ৪৮(৩) এ উল্লিখিত অ্যাডভান্স প্যাসেঞ্জার ইনফরমেশন (API) এবং প্যাসেঞ্জার নেইম রেকর্ড (PNR) বিদেশস্থ সর্বশেষ বন্দর ত্যাগের পূর্বেই যানবাহন বা কার্গো ঘোষণাকারী কর্তৃক কাস্টমস কম্পিউটার সিস্টেমে দাখিল করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উল্লিখিত ঘোষণা কাস্টমস কম্পিউটার সিস্টেমে অনিবার্য কোনো কারণে দাখিল করা সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস বা সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের দপ্তর প্রধান এর অনুমতিক্রমে একই তথ্য সম্বলিত ঘোষণা লিখিত বা মুদ্রিত দাখিল করা যাইবে:

আরও শর্ত থাকে যে, স্থলপথে আগমনকারী যানবাহনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস বা সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের দপ্তর প্রধান আদেশ জারির মাধ্যমে যানবাহনের আগমনের পরে ক্রু ও যাত্রী ঘোষণা দাখিলের সুযোগ প্রদান করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, স্থলপথে পণ্যবাহী যানবাহন আগমন ও প্রস্থানের পূর্বে যথাযথ কাস্টমস কর্মকর্তার নিকট '**ফরম-ক**' অনুসারে কার পাস দাখিল করিয়া উহাতে যানবাহন ও ক্রু আগমনের অনুমতি গ্রহণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, শুধু যাত্রী বহন করিয়া থাকে এইরূপ যানবাহনের ক্ষেত্রে কার পাস দাখিলের বিধান প্রযোজ্য হইবে না।

- (৩) সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস বা সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের দপ্তর প্রধান ইলেকট্রনিক পদ্ধতিতে কার পাস দাখিল করিবার আদেশ জারি করিতে পারিবে এবং উক্ত আদেশ অনুসারে স্থলপথে আগমনকারী যানবাহনের ক্ষেত্রে ইলেকট্রনিক পদ্ধতিতে কার পাস দাখিল করা যাইবে।
- ৫। ট্রানজিট বা ট্রানশিপমেন্টের ক্ষেত্রে যানবাহন বা কার্গো ঘোষণা।— ট্রানজিট বা ট্রানশিপমেন্টের ক্ষেত্রে যানবাহন বা কার্গো ঘোষণা যেই ট্রানজিট বা ট্রানশিপমেন্ট চুক্তির আওতায় হইবে সেই ট্রানজিট বা ট্রানশিপমেন্ট চুক্তি মোতাবেক বোর্ড কর্তৃক জার ীকৃত আদেশের ভিত্তিতে নির্ধারিত হইবে।
- ৬। যানবাহনের রুটভিন্তিক যানবাহন বা কার্গো ঘোষণাকারী নির্ধারণ।— (১) বাংলাদেশের বাহির হইতে বাংলাদেশে আগমন করিবে এইরূপ যানবাহনের রুট (যেমন, সমুদ্রপথ, স্থলপথ, আকাশপথ, রেলপথ, প্রভৃতি) ভিত্তিক কার্গো ঘোষণাকারী নিম্মরূপ হইবে:

টেবিল

ক্রম	যানবাহনের রুট	যানবাহন বা কার্গো ঘোষণাকারী	বিবেচ্য বিষয়
(2)	(২)	(७)	(8)
٥.	সমুদ্রপথভিত্তিক	জাহাজের মাস্টার বা ভারপ্রাপ্ত ব্যক্তি	সরাসরি বিদেশ হইতে
	কাস্টমস বন্দর	(person-in-charge) অথবা তাহার পক্ষে উক্ত জাহাজের মালিক বা পরিচালনাকারী বা তাহার মনোনীত শিপিং এজেন্ট বা freight forwarders	সমুদ্রবন্দরে আগমনের পরে কাস্টমস অভ্যন্তরীণ কন্টেইনার ডিপো অথবা কাস্টমস অভ্যন্তরীণ নৌ- কন্টেইনার টার্মিনালে কার্গো স্থানান্তরের ক্ষেত্রেও কলাম (৩) এর

			যানবাহন বা কার্গো ঘোষণাকারী ঘোষণা দাখিল করিবে
₹.	অভ্যন্তরীণ জলপথভিত্তিক কাস্টমস স্টেশন অথবা কাস্টমস অভ্যন্তরীণ নৌ-কন্টেইনার টার্মিনাল	জাহাজের মাস্টার বা ভারপ্রাপ্ত ব্যক্তি (person-in-charge) অথবা তাহার পক্ষে উক্ত জাহাজের মালিক বা পরিচালনাকারী বা তাহার মনোনীত শিপিং এজেন্ট বা freight forwarders	
૭ .	আকাশপথভিত্তিক কাস্টমস বিমানবন্দর	বিমানের ভারপ্রাপ্ত ব্যক্তি (person- in-charge) অথবা তাহার পক্ষে উক্ত এয়ারলাইন্স কর্তৃপক্ষ বা তাহার এজেন্ট	
8.	রেলপথ	বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	কেবল সরাসরি বিদেশ হইতে রেলযোগে আগমনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।
€.	স্থলপথ	আইনের ধারা ২৪৩ অনুসারে সংশ্লিষ্ট কাস্টমস স্টেশন হইতে লাইসেপপ্রাপ্ত কোনো এজেন্ট, যিনি যানবাহনের ভারপ্রাপ্ত ব্যক্তি (person-in- charge) অথবা তাহার পক্ষে উক্ত যানবাহনের মালিক বা পরিচালনাকারী কর্তৃক মনোনীত হইয়াছেন	যানবাহনের ভারপ্রাপ্ত ব্যক্তি (person-in-charge) অথবা তাহার পক্ষে উক্ত যানবাহনের মালিক বা পরিচালনাকারী নিজেই কার্গো ঘোষণা দাখিল করিতে চাহিলে বা উহাদের পক্ষে উহাদের কানো সংঘ বা সংস্থার মাধ্যমে কার্গো ঘোষণা দাখিল করিতে চাহিলে উহাকে এজেন্ট হিসেবে বিশেষ লাইসেন্স গ্রহণ করিতে হইবে এবং উক্ত লাইসেন্স গ্রহণ প্রক্রিয়া এতদসংক্রান্ত বিধিমালার আলোকে নির্ধারিত হইবে।

(২) উপ-বিধি (২) এর টেবিলের ক্রমিক ৫ এ উল্লিখিত স্থলপথে আগমনকারী যানবাহনের ক্ষেত্রে যানবাহনের ভারপ্রাপ্ত ব্যক্তি (person-in-charge) অথবা তাহার পক্ষে উক্ত

যানবাহনের মালিক বা পরিচালনাকারী কার্গো ঘোষণা দাখিলের জন্য **'ফরম-খ'** অনুসারে কোনো এজেন্টকে দায়িত্ব অর্পন করিতে পরিবে।

- (৩) উপবিধি (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, বোর্ড আদেশ জারির মাধ্যমে কোনো নির্দিষ্ট রুট বা কাস্টমস স্টেশনে উপবিধি (১) এর টেবিলের কলাম (৩) উল্লিখিত কার্গো ঘোষণাকারী পরিবর্তন করিতে পারিবে অথবা অন্য কাউকে কার্গো ঘোষণাকারী হিসেবে নির্ধারণ করিতে পারিবে।
- ৭। কাস্টমস কম্পিউটার সিস্টেমের আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ।— আইনের ধারা ২৪৩ এর আওতায় লাইসেন্সপ্রাপ্ত কোন ব্যক্তি কাস্টমস কম্পিউটার সিস্টেমে যানবাহন বা কার্গো ঘোষণা দাখিল করিতে চাহিলে তাহাকে উক্ত সিস্টেমের নিবন্ধিত ব্যবহারকারী হইতে হইবে এবং যথাযথ প্রক্রিয়া অনুসরণ করিয়া আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করিতে হইবে।
- ৮। বিপজ্জনক পণ্য (Dangerous Goods) এর ক্ষেত্রে ওয়েবিল ঘোষণা প্রদান।— আমদানিতব্য পণ্যের মধ্যে কোনো বিপজ্জনক পণ্য (Dangerous Goods) থাকিলে ওয়েবিল সেগমেন্ট দাখিল করিবার সময় সংশ্লিষ্ট কার্গো ঘোষণাকারী পরিশিষ্ট-৪ অনুযায়ী DG Status এর ঘরে ঘোষণা প্রদান করিবে।
- **৯। কার্গো ঘোষণার নিবন্ধন।** কার্গো ঘোষণার নিবন্ধন নিম্নবর্ণিতভাবে সম্পন্ন হইবে; যথা:-
 - (ক) দাখিলকৃত কার্গো ঘোষণার ওয়েবিল সেগমেন্টটি একক পণ্যচালান সংশ্লিষ্ট হইলে তাহা জেনারেল সেগমেন্ট ঘোষণার সহিত সামঞ্জস্যপূর্ণ প্রাপ্তি সাপেক্ষে স্বয়ংক্রিয়ভাবে কার্গো ঘোষণার রেজিস্ট্রেশন সম্পন্ন হইবে;
 - (খ) কার্গো ঘোষণার ওয়েবিল সেগমেন্টটি এক বা একাধিক পণ্যচালান এবং আমদানিকারক সংশ্লিষ্ট হইলে উক্ত ঘোষণাটি মাস্টার বিল অব লেডিং (B/L) ঘোষণা হিসেবে বিবেচ্য হইবে এবং উক্ত মাস্টার B/L সংশ্লিষ্ট অন্যান্য শিপিং এজেন্ট বা এয়ারলাইন্স কর্তৃপক্ষ বা ফ্রেইট ফরওয়ার্ডার্স এজেন্ট বা অনুমোদিত অন্য কোনো এজেন্ট কর্তৃক এক বা একাধিক হাউস বিল অব লেডিং (B/L) দাখিল করিতে হইবে;
 - (গ) আকাশপথভিত্তিক কাস্টমস বিমানবন্দরে কেবল এয়ারলাইন্স কর্তৃপক্ষ বা তাহার এজেন্ট, ওয়েবিল সেগমেন্টভুক্ত মাস্টার এয়ারওয়ে বিল এবং প্রযোজ্য ক্ষেত্রে, উহার বিপরীতে হাউস এয়ারওয়ে বিল দাখিল করিবে:
 - (ঘ) স্থল কাস্টমস স্টেশনের ক্ষেত্রে প্রতিটি পণ্যচালানের জন্য কার্গো ঘোষণার উভয় অংশের সমন্বয়ে একক ঘোষণা দাখিল করিতে হইবে এবং স্বয়ংক্রিয়ভাবে রেজিস্ট্রেশন সম্পন্ন হইবে:

- (৬) জেনারেল সেগমেন্ট ঘোষণার সহিত দাখিলকৃত সকল মাস্টার বিল অফ লেডিং (বিএল) এবং হাউস বিল অফ লেডিং (বিএল) সমূহ সামঞ্জস্যপূর্ণ হইলে স্বয়ংক্রিয়ভাবে কার্গো ঘোষণার রেজিস্ট্রেশন সম্পন্ন হইবে;
- (চ) জেনারেল সেগমেন্ট ঘোষণার সহিত দাখিলকৃত সকল মান্টার B/L এবং হাউস B/L সমূহ সামঞ্জস্যপূর্ণ না হইলে কার্গো ঘোষণা দাখিলকারীর আবেদনের ভিত্তিতে সংশ্লিষ্ট কান্টমস কর্মকর্তা কর্তৃক উক্ত অসামঞ্জস্যতা দূর করিয়া কান্টমস কম্পিউটার সিন্টেমে উক্ত কার্গো ঘোষণার রেজিস্ট্রেশন প্রদান করা যাইবে; এবং
- (ছ) কারিগরী বুটি বা অন্য কোনো কারণে কাস্টমস কম্পিউটার সিস্টেমে কার্গো ঘোষণার স্বয়ংক্রিয় রেজিস্ট্রেশন প্রদান সম্পন্ন করা না গেলে বা কার্গো ঘোষণা দাখিল করা না গেলে সংশ্লিষ্ট এজেন্টের আবেদনের পরিপ্রেক্ষিতে কাস্টমস স্টেশন কর্তৃপক্ষ প্রয়োজনীয় যাচাই-বাছাই এর মাধ্যমে যথাযথ ঘোষণা প্রদানের বিষয়ে নিশ্চিত হইয়া ম্যানুয়াল পদ্ধতিতে উক্ত কার্গো ঘোষণার রেজিস্ট্রেশন প্রদানের ব্যবস্থা করিতে পারিবে।

১০। কার্গো ঘোষণা সংশোধন ও সম্পূরক কার্গো ঘোষণা দাখিল।— (১) দাখিলকৃত কার্গো ঘোষণা সংশোধন বা সম্পূরক কার্গো ঘোষণা প্রদানের প্রয়োজন হইলে কার্গো ঘোষণা রেজিস্ট্রেশনের ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে সংশ্লিষ্ট যানবাহনের ভারপ্রাপ্ত ব্যক্তি (person-incharge) অথবা তাহার পক্ষে উক্ত যানবাহনের মালিক অথবা তাহার মনোনীত এজেন্ট বা পরিচালনাকারী 'ফ্রম-গ' অনুযায়ী কমিশনার অব কাস্ট্রমস বা সংশ্লিষ্ট কাস্ট্রমস স্ট্রেশনের দপ্তর প্রধান অথবা তৎকর্তৃক মনোনীত অন্য কোনো কাস্ট্রমস কর্মকর্তা নিকট আবেদন দাখিল করিবেন।

- (২) কার্গো ঘোষণা সংশোধন এবং সম্পূরক কার্গো ঘোষণা প্রদানের আবেদনের ফিস বাবদ ২ (দুই) হাজার টাকা \mathbf{A} -চালানে (কোড নং- ১৪৪১২৯৯) জমা প্রদানপূর্বক চালানের মুলকপি সংশ্লিষ্ট আবেদনের সহিত আবশ্যিকভাবে সংযোজন করিতে হইবে।
- (৩) কার্গো ঘোষণার নিম্নবর্ণিত ত্রুটিসমূহ করণিক ত্রুটি হিসাবে বিবেচিত হইবে এবং এইরূপ করণিক ত্রুটিসমূহ সংশোধনের আবেদনসমূহ কার্গো ঘোষণার সহিত সংশ্লিষ্ট শাখার অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার অব কাস্টমস পর্যায়ে নিষ্পত্তিযোগ্য হইবে, যথা:-
 - (ক) বিল অব লেডিং বা এয়ারওয়ে বিলের ধরন (Type) (MSB এর স্থলে HSB বা HSB এর স্থলে MSB হুইলে);
 - (박) BL Nature Code (22, 23);
 - (গ) DG (null) বা Non-DG এর স্থলে DG হইলে;
 - (ঘ) Shipper name;
 - (%) Package Code (PK, CT, RO, VR);

- (চ) Gross weight -এ সংখ্যাগত বা করণিক ত্রুটি হইলে (Quantity অপরিবর্তিত থাকিলে বা বৃদ্ধি পাইলে) (যেমন, ৯৬ এর স্থলে ৬৯ বা ১০০ এর স্থলে ১০০০);
- (ছ) কন্টেইনার বা যানবাহনের Prefix Number উলট পালট হইলে:
- (জ) কন্টেইনারের ধরন LCL এর স্থলে FCL বা FCL এর স্থলে LCL হইলে;
- (ঝ) কন্টেইনারের সিল নম্বর বা যানবাহনের নম্বর বা ফ্লাইট নম্বরের ক্ষেত্রে ২ সংখ্যা পর্যন্ত উলট-পালট বা এন্ট্রি কম বা বেশি হইলে বা বাদ পড়িলে:
- (ঞ) Notify & Consignee Null হলে, কিন্তু নাম ও ঠিকানা সঠিক থাকিলে:
- (ট) কন্টেইনার সাইজ ২০ ফিট এর স্থলে ৪০ ফিট হইলে;
- (ঠ) Notify এর স্থলে Consignee বা Consignee এর স্থলে Notify হইলে;
- (৬) প্রতিষ্ঠানের নামের স্থলে ঐ প্রতিষ্ঠানেরই সহযোগী কোনো প্রতিষ্ঠান Notify হইলে;
- (ঢ) Quantity-তে সংখ্যাগত বা করণিক বুটি হইলে (ওজন অপরিবর্তিত থাকিলে বা বাড়িলে);
- ঞে) পোর্ট অফ লোডিং (port of loading) বা পোর্ট অফ অরিজিন (port of Origin) এর পরিবর্তন।
- (৪) কার্গো ঘোষণার নিম্নরূপ ত্রুটিসমূহ গুরুতর ত্রুটি হিসাবে বিবেচিত হইবে এবং এইরূপ ত্রুটিসমূহ সংশোধনের আবেদন সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের দপ্তর প্রধান পর্যায়ে নিষ্পত্তিযোগ্য হইবে, যথা:-
 - (ক) Notify & Consignee BIN;
 - (খ) DG এর স্থলে Non-DG (তবে পরিবর্তনের জন্য নৌবাহিনীর অনাপত্তি লাগিবে):
 - (গ) Assessment সম্পাদনের পরবর্তীতে যে কোনো সংশোধন;
 - (ঘ) BL Write-off (ROB এবং Transhipment) অথবা যে কোনো পণ্যচালান ফেরত চলিয়া গেলে;
 - (৬) Gross weight হাস পাইলে বা পরিবর্তন হইলে (করণিক বুটি ব্যতীত):
 - (চ) Description of Goods পরিবর্তন হইলে;
 - (ছ) Container Status FCL part হইতে LCL হইলে;

- (জ) Container Number সম্পূর্ণ ভুল হইলে;
- (ঝ) Quantity হাস পাইলে বা পরিবর্তন হইলে (করণিক ত্রুটি ব্যতীত);
- (ঞ) কন্টেইনারের সিল নম্বর বা যানবাহনের নম্বর বা ফ্লাইট নম্বরের ক্ষেত্রে ২ সংখ্যার বেশি পর্যন্ত উলট-পালট বা এন্ট্রি কম বা বেশি হইলে বা বাদ পড়িলে;
- (ট) প্লেস অব আনলোডিং (Place of unloading) বা প্লেস অব ডেসটিনেশন (Place of Destination) এর পরিবর্তন হইলে;
- (ঠ) কন্টেইনার সাইজ ৪০ ফিট এর স্থলে ২০ ফিট হইলে;
- (৬) পণ্যচালানের মূল্য (Value) পরিবর্তন হইলে।
- (৫) উপবিধি (৩) ও (৪) এ উল্লেখ করা হয় নাই এইরূপ কোনো সংশোধন প্রয়োজন হইলে আবেদনকারীর আবেদনের ভিত্তিতে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস বা উক্ত কাস্টমস স্টেশনের দপ্তর প্রধান উহার প্রকৃতি (করণিক বা গুরুতর) নির্ধারণ করিতে পারিবে এবং তদনুযায়ী নিষ্পত্তি করিতে পারিবে।
- (৬) উপবিধি (৩) এ উল্লিখিত করণিক ব্রুটির ক্ষেত্রে জরিমানা আরোপ ব্যতীত সংশোধনের সুযোগ প্রদান করা যাইবে এবং উপবিধি (৪) এ উল্লিখিত গুরুতর ব্রুটির জন্য যথাযথ ন্যায় নির্ণয়নকারী কর্তৃপক্ষ কর্তৃক ন্যায় নির্ণয়ন করিতে হইবে।
- (৭) কোনো গুরুতর বুটি সংশোধনের জন্য আবেদন করা হইলে উক্ত পণ্যচালানটি শতভাগ কায়িক পরীক্ষা করিয়া শুক্ষায়নযোগ্য মূল্য, কান্দ্রি অব অরিজিন এবং শ্রেণিবিন্যাস সম্পর্কে যথাযথ অনুসন্ধানপূর্বক শুক্ষায়ন সম্পন্ন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, প্রতিষ্ঠানের আবেদনের ভিত্তিতে কমিশনার অব কাস্টমস যৌক্তিক কারণ লিপিবদ্ধ করিয়া শতভাগ কায়িক পরীক্ষার শর্তটি বিশেষক্ষেত্রে শিথিল করিতে পারিবে।

- (৮) আমদানিকারকের বা রপ্তানিকারকের নাম পরিবর্তনের ক্ষেত্রে কার্গো ঘোষণায় উল্লিখিত আমদানিকারকের বা রপ্তানিকারকের অনাপত্তিপত্র ও সংশোধনীর মাধ্যমে যেই আমদানিকারকের নাম অন্তর্ভুক্ত হইবে তাহার সম্মতিপত্র থাকিতে হইবে।
- (৯) কার্গো ঘোষণায় বর্ণিত আমদানিকারক এবং সংশোধনীর মাধ্যমে যে আমদানিকারকের নাম অন্তর্ভুক্ত হইবে বা প্রযোজ্য ক্ষেত্রে, উভয়েরই অন্য কোনো পণ্যচালান ছাড়করণে স্থগিতাদেশ রহিয়াছে কি না বা ১ (এক) মাসের অধিককাল ধরিয়া উহাদের কাহারও কোনো পণ্য ঘোষণা অনিষ্পন্ন রহিয়াছে কি না, বা উহাদের কাহারও বিরুদ্ধে কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৩৮ অনুসারে সরকারি পাওনা আদায়ের কোনো কার্যক্রম চলমান রহিয়াছে কি না তাহা নিশ্চিত হইতে হইবে এবং এই ধরনের তথ্য প্রাপ্ত হইলে কমিশনার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কাস্টমস কর্মকর্তা শুনানি গ্রহণপূর্বক আইনানুগ পদ্ধতিতে উহা প্রথমে নিষ্পত্তি করিবেন এবং অত:পর সংশোধন আবেদন বিবেচনা করিবেন।
- (১০) প্রতিটি কার্গো ঘোষণা সংশোধন আবেদনপত্রের সহিত শিপিং এজেন্ট বা ফ্রেইট ফরওয়াডার্স বা উড়োজাহাজ কর্তৃপক্ষ বা যানবাহনের ভারপ্রাপ্ত ব্যক্তি বা তাহার পক্ষে যানবাহনের মালিক বা পরিচালনাকারী বা তাহার এজেন্টের (যেই ক্ষেত্রে যেইটি প্রযোজ্য) এবং সংশ্লিষ্ট লিয়েন

ব্যাংকের অনাপত্তিপত্র দাখিল করিতে হইবে এবং এলসিবিহীন অর্থাৎ সরাসরি অর্থ পরিশোধের মাধ্যমে আমদানিকৃত পণ্যচালানের ক্ষেত্রে আমদানি-রপ্তানি নীতি আদেশ এ বর্ণিত বিধান প্রতিপালিত হইয়াছে কিনা উহা যাচাই করিয়া আইনানুগভাবে নিষ্পত্তি করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উপবিধি (৩) এ উল্লিখিত করণিক ব্রুটির সংশোধনের ক্ষেত্রে অনাপত্তিপত্র দাখিলের প্রয়োজন হইবে না; তবে সংশোধনীর সপক্ষে প্রমাণক দাখিল করিতে হইবে।

- (১১) কার্গো ঘোষণায় উল্লিখিত পণ্যের মূল্য সংশোধনের কোনো আবেদন প্রাপ্ত হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস পণ্য সংক্রান্ত দলিলাদি অধিকতর সতর্কতা অবলম্বন করিয়া যাচাইপূর্বক আইনানুগ নিষ্পত্তি করিবেন।
- ১১। পণ্য ঘোষণা দাখিল ও শুক্কায়ন।— (১) এই বিধিমালার আওতায় কার্গো ঘোষণা দাখিল এবং উহাতে রেজিস্ট্রেশন নম্বরপ্রাপ্ত হইলে আমদানিকারক বা তাঁহার মনোনীত এজেন্ট আইনের ধারা ৮১ অনুসারে পণ্য ঘোষণা দাখিল করিতে পারিবেন এবং ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় কায়িক পরীক্ষণের জন্য নির্বাচিত না হইলে দাখিলকৃত পণ্য ঘোষণার ভিত্তিতে উক্ত পণ্যচালান শুক্কায়ন এবং শুক্ক ও কর জমা প্রদানসহ সামগ্রিক কার্যাবলী সম্পাদন করা যাইবে যাহাতে পণ্যচালান বন্দরে পৌঁছামাত্র খালাস গ্রহণ করিতে পারে:

তবে শর্ত থাকে যে, কোনো পণ্য ঘোষণা দাখিলের পর উক্ত পণ্যচালান ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় কায়িক পরীক্ষণের জন্য নির্বাচিত হইলে অথবা কোনো পণ্যচালানের বিষয়ে (উহা কায়িক পরীক্ষণের জন্য নির্বাচন হউক বা না হউক) নির্ভরযোগ্য গোয়েন্দা তথ্য থাকিলে উক্ত তথ্যের আলোকে উহা কায়িক পরীক্ষণ ও অন্যান্য আইনানুগ কার্যক্রম গ্রহণ ব্যতীত খালাস প্রদান করা যাইবে না।

- ১২। বিশেষ বিধান।— (১) কাল্টমস আইন, ২০২৩ এর ধারা ৯৬ এর উদ্দেশ্যপূরণকল্পে, যেই সকল পণ্যচালানের কার্গো ঘোষণা এককভাবে কাল্টমস কম্পিউটার সিল্টেমে দাখিল বা প্রেরণ করা সম্ভবপর নহে, সেই সকল পণ্যচালানের বিল অব লেডিং বা এয়ারওয়ে বিল বা ট্রাক রিসিপ্ট বা রেল কার্গো রিসিপ্ট, যেই ক্ষেত্রে যেইটি প্রযোজ্য, এর ভিত্তিতে পণ্যের ঘোষণা দাখিলের সুযোগ প্রদান করা যাইবে এবং এইক্ষেত্রে ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় কায়িক পরীক্ষার জন্য নির্বাচিত চালান ব্যতীত, দাখিলকৃত পণ্যের ঘোষণা, সত্যতা প্রতিপাদন এবং ছাড়ের জন্য শুক্ষ ও কর পরিশোধের সুযোগ পাইবে।
- (২) ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা এজেন্ট কর্তৃক দাখিলকৃত কার্গো ঘোষণা ও পণ্যের ঘোষণা তথ্যের সহিত পরিপূরক যাচাই সাপেক্ষে, এক্সিট নম্বর প্রদান ও পোর্ট রিলিজ নিশ্চিত করিতে হইবে।
- (৩) উক্তরূপ চালান সহজে শনাক্তকরণে কাস্টমস কম্পিউটার সিস্টেমে ভিন্নভাবে চিহ্নিতকরণ [যেমন, IM Code (Import Code)] ব্যবহার করা যাইবে এবং প্রচলিত পদ্ধতিতে একাধিক কার্গো ঘোষণা সৃষ্টি হইলে উহার এক্সিট নম্বর প্রদানের পূর্বেই অতিরিক্ত কার্গো ঘোষণা অবলোপন (write off) করিবার জন্য দপ্তরসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

- ১৩। দেও।— (১) কার্গো ঘোষণা দাখিল বা সংশোধনের ক্ষেত্রে কোনো গুরুতর বুটি বা অবহেলা সংঘটিত হইলে উহা আইনের ধারা ১৭১ এর টেবিলের ক্রমিক নং ১১ অনুযায়ী শাস্তিযোগ্য হইবে।
- ১৪। **রহিতকরণ ও হেফাজত।** (১) প্রি-অ্যারাইভাল প্রসেসিং বিধিমালা, ২০২৪ এতদ্বারা রহিত করা হইল।
 - (২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন-
 - (ক) কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং
 - (খ) কোনো কার্যক্রম চলমান থাকিলে উহা এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

পরিশিষ্ট-১

[বিধি ৩(১) দ্ৰম্ভ্ৰব্য]

Manifest-General Information

	rture/ arrival				
(office Code)	(office name)				
General inform	nation		ATA (Actual Tin Arrival)	Registration Number	
Voyage number:	Date of departure/ sail	Arrived □			/
		Nature	Date and Time of registration	ı	Last discharge
Place of depar	ture		Place of destina	ation	
01:			m 1 .		
Shipping Info	rmation		Totals		
Carrier/ Shipp	ing Agent		Bills		
			Packages		
			Containers		
			Gross weight		
Transport					
Transport					
_					
Mode of Trans	sport		Vessel/Transpo	rt Nan	ne
	sport		*	rt Nan	ne
Mode of Trans Nationality	sport		Vessel/Transpo	rt Nan	ne
Nationality			Place	rt Nan	ne
			*	rt Nan	ne
Nationality			Place	rt Nan	ne
Nationality Registration/I			Place	rt Nan	ne
Nationality Registration/I			Place	rt Nan	ne
Nationality Registration/I			Place	rt Nan	ne
Nationality Registration/I Master Tonnage Gross	MO No		Place		
Nationality Registration/I Master Tonnage	MO No		Place Date		Quantity
Nationality Registration/I Master Tonnage Gross	MO No		Place Date		
Nationality Registration/I Master Tonnage Gross Next Port of D	MO No Net estination		Place Date Retain on Board	d	Quantity /
Nationality Registration/I Master Tonnage Gross Next Port of D Feeder Opera Containerized	MO No Net estination	otal)	Place Date Retain on Board	d	
Nationality Registration/I Master Tonnage Gross Next Port of D	MO No Net estination	otal)	Place Date Retain on Board	d	Quantity /

পরিশিষ্ট-২

[বিধি ৩(১) দ্ৰষ্ট্ৰব্য]

Manifest-Genera						
Office of departu			Last Status			
(office code)	(office name)					
General Informa						
Voyage number	Date of departure / sail	Arrived	ATA (Actual 7 Arrival)	l'ime of	Registrati number	on
					1	
BL/AWB/TR/RR Ref No	BL/AWB/TR/RF	R Type	Nature	Last discharge	Line numb	er
Master BL/AWB	ETA (Estimated Arrival)	d Time of	DG Status			
Deat of Ossississ		Compolidated	Dl fl-	- 4:		
Port of Origin	1	Consolidated	Place of unlo	ading		
Carrier/ Shipping	J Agent		Consignor/ E	Exporter		
Shipping Agent						
Transport						
Mode of Transpo	rt		Vessel/Trans	sport Name		
Nationality	<u> </u>		Number of T	rucks		
Notify			Importer/Co	neignee		
Noury			Importer/ Co	nsignee		
Goods Details Total	D1 C1		l C-+	I Chahara	I Manual and	
Containers	Package Codes	5	Category	Status	Number of de-groupe BL/AWB	
Marks and Numb	070					
Marks and Numb	ers					
Specific Circums	tances Indicator					
Manifested Packages	Remaining/ Exported packages	Manifested gross weight	Remaining/ F weight	Exported	Volume (C	BM)
Decement:f	o do				L	
Description of go	ous					
Location						
Declared Values	and Seals Details	<u> </u>				
P/C Ind						
Value for custom	s		Value for tra	nsport	Value for Insurance	
					111001101100	
Seals number	Marks		Party			
Remarks	ı		<u>L</u>	1		
O1 T						
Onward Transpo Transit	rt 	1	Doc.			
			reference			
Tranchinment			Doc			

Domestic	Reference Doc.
Transfer	Reference
Place of Unloading	Estimated Arrival
Mode of Transport	Actual Arrival
Carrier	

পরিশিষ্ট-৩ [বিধি ৩(১) দ্রম্ভ্রব্য]

Waybill Container

Ī	Container Information										
	Container number	Nbr. of pkg	Ctn Type	Status	Seal numbers	IMCO	UN	Ctn Location	Commodity code	Gross weight	Verifies Gross Mass

Container Number	Nbr. Of pkg	Ctn Type	Status	Seals No	IMCO	UN	Ctn Loc.	Commodity Code	Gross weight	VGM

পরিশিষ্ট-8 [বিধি ৮ দ্রম্ভ্রব্য]

Manifest- Waybill, Navy Approval

Operational Officer	, SUBMIT FOLLOWING	REQUESTED DOCU	MENTS
Remarks			
Expert Officer			
□ Discharge	□ Discharge	□ Delivery	□ Delivery
Suspended	Recommended	Suspended	Recommended
Remarks	Recommended	Suspended	Recommended
Reiliai KS			
Commodore			
☐ Approve		☐ Not Approve	
Remarks			

'ফরম-ক'

[বিধি ৪(২) দ্ৰষ্ট্ৰব্য] <u>Car Pass</u>

Rotation				
No.:				
1	Owner's Name:			
	Address:			
2	Driver's Name:			
	Address:			
3	a) Vehicle Reg. No.:	b) Vehicle regist	tration certificate No	D.:
	c) Engine No.:	d) Chassis No.:		
4	Driver's driving licens	e No. and validity	:	
5	Names of crew, if			
	any:			
6	Lorry/Truck receipt			
	No.:			
7	a) Invoice No.:			
	b) Description of			
	goods:			
8	Quantity of goods:	a) Weight:	b) No. of	c) Unit:
		kg	Packages:	
9	Consignor/ Exporter's	Name:		
	Address:			
10	Consignee/Importer's	Name:		
	Address:			
11	OTL/Seal No.:			
12	L/C No. and date:			
13	L/C opening bank and	branch:		
14	a) Indian vehicles e	ntering Banglade	sh:	
	Bill endorsed by India	n Customs		
			Entry endorsed by Customs	Bangladesh
	Officer's Name, signat		Officer's Name, sig	gnature, Seal
	b) Indian vehicle per	rmitted to return i	rom Bangiadesn:	
	Exit endorsed by Bang	ladesh Customs		
			Entry endorsed by Customs	Indian
	Officer's Name, signat	cure, Seal and	Officer's Name, sig	gnature, Seal

Date and Date

a) Bangladeshi vehicle entering India:

Exit endorsed by Bangladesh Customs

Entry endorsed by Indian

Customs

Officer's Name, signature, Seal and Officer's Name, signature, Seal

Date

and Date

b) Bangladeshi vehicles permitted to return from India:

Exit endorsed by Indian Customs

Entry endorsed by Bangladesh

Customs

Officer's Name, signature, Seal and

Date

Officer's Name, signature, Seal

and Date

'ফরম-খ'

[বিধি ৬(২) দুষ্ট্রব্য]

Authorization for Appointing Agent

Record no:

Date:

To

Commissioner of Customs/ Customs Station Chief Customs House/Customs Station

As per rule 6(2) of the Conveyance and Cargo declaration, and Pre-arrival Processing Rule 2025, I am authorizing (Name of the Agent, AIN, Carrier Code, if any, Address) the following person for submitting declaration of the following conveyance and/or cargo on behalf of me:

- (a) Lorry/Truck receipt No. and Date:
- (b) Lorry/Truck No. (can be submitted in attachment if not covered here):
- (c) Invoice No.:
- (d) L/C No., L/C opening date, Bank Name and branch:
- (e) Description of goods:
- (f) Quantity of goods: Weight: kg, No. of Packages:, Unit:
- (g) Consignor/ Exporter's Name and Address:
- (h) Consignee/ Importer's Name and Address:
- (i) Car pass (Should be attached with the authorization):
- (j) Any other relevant information, if any:

Person in-charge/ Owner/Operator/Agent on behalf of the conveyance (Signature, Name, address, contract number and email, if any)

Copy to: Agent (Name and Address)

'ফরম-গ'

		[1717 20(3) 487)]
	কার্গো ঘোষণা স	াংশোধন অথবা সম্পূরক কার্গো ঘোষণা দাখিলের আবেদন ফরম
স্মারক নং:		
তারিখ:	웹.	
বরাবর,		
কমিশনার অব ব	চা <i>স্ট</i> মস/ক্ষমতাপ্রাং	ু কর্মকর্তা
কাস্টমস হাউস/	কাস্টমস স্টেশন।	
বিষয়: কার্গো হে	াষণা সংশোধন অ	থবা সম্পরক কার্গো ঘোষণা দাখিলের আবেদন।

আমি নিম্নস্বাক্ষরকারী নিম্নবর্ণিত পণ্যচালান সংশ্লিষ্ট কার্গো ঘোষণা (মেনিফেস্ট)/ওয়েবিল সংশোধন অথবা সম্পূরক কার্গো ঘোষণা সংযোজনের আবেদন করিতেছি:

- (ক) ভয়েজ নম্বর/ ফ্লাইট নম্বর/ট্রাক নম্বর/ রেলওয়ে র্যাক নম্বর:...., তারিখ:....।
- (খ) ওয়েবিল/ ট্রাক রিসিপ্ট/ রেলওয়ে রিসিপ্ট নম্বর:...., তারিখ:....
- (গ) যানবাহনের (carrier) নাম (প্রযোজ্য ক্ষেত্রে):
- (ঘ) কনসাইনি/আমদানিকারকের নাম ও ঠিকানা:
- (৬) কনসাইনর/রপ্তানিকারকের নাম নাম ও ঠিকানা:
- (চ) পণ্য সংক্রান্ত তথ্য:
 - i) পণ্যের সংক্ষিপ্ত বিবরণ:
 - ii) গ্রস ওজন:
 - iii) কাস্টমস মূল্য:
- (ছ) কার্গো ঘোষণা (মেনিফেস্ট)/ওয়েবিল সংশোধন অথবা সম্পূরক কার্গো ঘোষণা সংযোজন সংক্রান্ত

তথ্য:

বিদ্যমান তথ্য	পরিবর্তিত তথ্য

- (জ) কার্গো ঘোষণা (মেনিফেস্ট)/ওয়েবিল সংশোধন অথবা সম্পূরক কার্গো ঘোষণা সংযোজনের কারণ:
- (ঝ) কার্গো ঘোষণা (মেনিফেস/ওয়েবিল সংশোধন অথবা সম্পূরক কার্গো ঘোষণা সংযোজন সম্পর্কিত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন):

ক্রম	আবেদন দাখিলের পূর্বে সংগঠিত ঘটনা সম্পর্কিত তথ্য	হাঁ	না
٥	কাস্টমস কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট যানবাহনের ভারপ্রাপ্ত ব্যক্তি, মালিক বা পরিচালনাকারী বা		
	তাহাদের প্রতিনিধিকে যদি এই মর্মে অবহিত করা হয় যে, উক্ত পণ্য পরীক্ষা করা হইবে		
২	কাস্টমস কর্মকর্তা কর্তৃক উক্ত সংশোধনের বিষয়টি ইতোমধ্যে অশুদ্ধ বলিয়া প্রতিষ্ঠিত হইয়াছে		
9	আগমনের স্থান হইতে উক্ত পণ্য অপসারণ করিবার অনুমতি প্রদান করা হইয়াছে		
8	উক্ত পণ্যের জন্য ইতোমধ্যে একটি পণ্য ঘোষণা দাখিল করা হইয়াছে		

(ঞ) কার্গো ঘোষণা (মেনিফেস্ট)/ওয়েবিল সংশোধন সংক্রান্ত আবেদন হইলে তাহার প্রকৃতি (গুরুতর/করণিক):

ক্রম	কার্গো ঘোষণা (মেনিফেস্ট)/ওয়েবিল এর ব্রুটি সংক্রান্ত সম্পর্কিত তথ্য	গুরুতর ত্রুটি? (টিক দিন)	করণিক ত্রুটি? (টিক দিন)
٥			
২			

(ট) বুটি সংশোধনের জন্য প্রযোজ্য প্রমাণক দলিলাদির তালিকা (দলিলাদি সংযুক্ত করিতে হইবে):

(২)

. . .

(ঠ) তথ্য সম্পর্কিত ঘোষণা: আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরিল্লিখিত এবং এই আবেদনের

সহিত সংযুক্ত তথ্য ও উপাত্ত সত্য এবং নির্ভুল।
বর্ণিত তথ্য এবং সংযুক্ত দলিলাদি বিবেচনায় চাহিত সংশোধন/সংযোজন অনুমোদন করিবার জন্য অনুরোধ করছি।

আবেদনকারীর স্বাক্ষর:

আবেদনকারীর নাম:

পদবি:

যানবাহনের ভারপ্রাপ্ত ব্যক্তি অথবা এজেন্ট এর নাম:

এজেন্ট আইডেন্টিফিকেশন নম্বর (AIN):

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ চেয়ারম্যান।